রূপগঞ্জে মাদক ব্যবসার আধিপত্য নিয়ে দুই গ্রুপের সংঘর্ষ, অস্ত্রসহ গ্রেপ্তার ৪

ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জে মাদক ব্যবসার নিয়ন্ত্রণ ও আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষ এবং অস্ত্রের মহড়ার ঘটনায় চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে একটি বিদেশি পিস্তল, পাঁচ রাউন্ড গুলি ও একটি ম্যাগাজিন উদ্ধার করা হয়েছে।

শুক্রবার (৪ সেপ্টেম্বর) সন্ধ্যা ৬টার দিকে তারাবো পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের তারাবো উত্তরপাড়া এলাকার ঝর্ণা মহলের সামনে বিশেষ অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন নাজমুল হোসেন (৩০), মো. নিহাল (২১), মো. সাজ্জাদ (২০) ও সফিকুল (২৪)। তাদের সবার বাড়ি রূপগঞ্জের তারাবো এলাকায়।

পুলিশ জানায়, তারাবো বাজার এলাকায় মাদক ব্যবসাকে কেন্দ্র করে শ্রাবণ ওরফে 'কুত্তা শ্রাবণ' গ্রুপ এবং নবী গ্রুপের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছে। আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিভিন্ন সময় দুই পক্ষের সদস্যরা অস্ত্র নিয়ে এলাকায় মহড়া, ধাওয়া-পাল্টাধাওয়া ও সংঘর্ষে জড়িয়ে পড়েন। এতে স্থানীয় বাসিন্দাদের মধ্যে উদ্বেগ ও আতঙ্ক তৈরি হয়েছে।

বৃহস্পতিবার গভীর রাতেও দুই পক্ষের মধ্যে সংঘর্ষ ও ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে বলে জানিয়েছে পুলিশ। খবর পেয়ে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

এরপর অস্ত্র প্রদর্শনের ঘটনায় শুক্রবার সন্ধ্যায় অভিযান চালিয়ে নবী গ্রুপের চার সদস্যকে গ্রেপ্তার করে রূপগঞ্জ থানা পুলিশ। অভিযানের সময় তাদের কাছ থেকে একটি বিদেশি পিস্তল, পাঁচ রাউন্ড গুলি এবং একটি ম্যাগাজিন উদ্ধার করা হয়।

নারায়ণগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ ও অপারেশন) তারেক আল মেহেদী গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, আটক ব্যক্তিদের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

পুলিশ জানায়, নারায়ণগঞ্জের পুলিশ সুপার মো. হাবিবুর রহমানের নেতৃত্বে এবং রূপগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এ এইচ এম সালাউদ্দিনের সমন্বয়ে অভিযান পরিচালিত হয়। গ্রেপ্তার চারজনকে শনিবার আদালতে পাঠানোর প্রস্তুতি নেওয়া হচ্ছে।